**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সরকারি প্রকল্পগুলির বিষয়ে গ্রামস্তরে জনগনের মধ্যে সচেতনতা আরো বৃদ্ধির ওপর গুরুত্ব আরোপ করেছেন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের আদর্শকে পাথেয় করে সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত সরকারি সুযোগ সুবিধাগুলি পৌঁছে দিতে হবে ।**

**(৩) বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, বিদ্যুৎ নিগম এবছর দূর্গা পূজায় প্রতিদিন ৩৮০ মেগাওয়াট বিদ্যুতের ব্যবস্থা করেছে।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে বিশ্বব্যাপী বিপর্যয় এবং অনিশ্চয়তা সত্ত্বেও, ভারতের প্রবৃদ্ধি উল্লেখযোগ্য।**

******************************************

**Governor-Nalchar :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সরকারি প্রকল্পগুলির বিষয়ে গ্রামস্তরে জনগনের মধ্যে সচেতনতা আরো বৃদ্ধির ওপর গুরুত্ব আরোপ করেছেন। আজ সিপাহীজলা জেলার নলছড় ব্লক কমিউনিটি হলে আয়োজিত এক মেগা জনসুরক্ষা শিবিরের উদ্বোধনী ভাষণে তিনি এই গুরুত্ব আরোপ করেন। ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্ক আয়োজিত এই শিবিরের উদ্বোধন করেন। তিনি দুর্নীতি বন্ধে সুবিধাভোগীদের ব্যাঙ্ক একাউন্টের মাধ্যমে সরাসরি আর্থিক সহায়তা প্রদানের ব্যবস্থার করে দেওয়ায় প্রধানমন্ত্রীর ভূয়সী প্রশংসা করেন।

#######Byte-Governor#######

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। প্রধানমন্ত্রী জনধন

যোজনা, প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বীমা যোজনা, সুরক্ষা বীমা যোজনা, অটল পেনশন যোজনা, ব্যাঙ্কিং ক্ষেত্রে ডিজিটাল জালিয়াতি থেকে সুরক্ষা ইত্যাদি বিষয়ে আলোচনা ও পরিষেবা প্রদানের লক্ষ্যেই আজ এই মেগা জনসুরক্ষা শিবিরের আয়োজন করা হয়।

*******************************

**CM-Deen Dayal Upadhaya :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন পন্ডিত দীন দয়াল উপাধ্যায়ের আদর্শকে পাথেয় করে সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত সরকারি সুযোগ সুবিধাগুলি পৌঁছে দিতে হবে। আজ আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে তথ্য সংস্কৃতি দপ্তর আয়োজিত পন্ডিত দীন দয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী উপলক্ষ্যে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, কেন্দ্র ও রাজ্য সরকার প্রতিটি গ্রামের উন্নয়নে কার্যকরী ভূমিকা পালন করছে। তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পন্ডিত দীন দয়াল উপাধ্যায়ের আদর্শকে অনুপ্রেরণা হিসেবে সামনে রেখে দেশের কল্যানে কাজ করছে। তিনি বলেন দেশ ও সমাজকে উন্নত করার ক্ষেত্রে পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের অবদান নতুন প্রজন্মকে অনুপ্রাণিত করে। বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে মরণোত্তর পন্ডিত দীন দয়াল উপাধ্যায় জাতীয় সংহতি পুরস্কার ২০২৫ প্রদান করা হয় স্বর্গীয় সুধীন্দ্র দাশগুপ্তকে।

******************************

**Electricity-Puja :**

বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, বিদ্যুৎ নিগম এবছর দূর্গা পূজায় প্রতিদিন ৩৮০ মেগাওয়াট বিদ্যুতের ব্যবস্থা করেছে। এর মধ্যে মিজোরাম থেকে আনা হবে ৪০ মেগাওয়াট বিদ্যুৎ। আজ বিদ্যুৎ নিগমের কর্পোরেট অফিসে এক বৈঠকে তিনি একথা জানান। বিদ্যুৎমন্ত্রী আজকের এই বৈঠকে পুজোর সময় রাজ্যের সর্বত্র বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখার বিষয়ে

বিস্তারিত পর্যালোচনা করেন। তিনি বলেন, এই বছর দুর্গাপুজোতে প্রায় সাড়ে তিন হাজার পুজো মন্ডপে বিদ্যুৎ সংযোগ দেওয়া হবে।

**************************

**Voice Over-11 Years Of Make InIndia :**

এগারো বছর আগে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'মেক ইন ইন্ডিয়া' চালু করেছিলেন - ভারতকে উৎপাদনক্ষেত্রের বিশ্বজনীন নেতা হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য একটি দূরদর্শী অভিযান। আজ, এই অভিযান ভারতীয় অর্থনীতির ব্যবস্থাপনাকে যুগান্তকারী সাফল্যে পুনর্লিখন নিশ্চিত করেছে। একটি প্রতিবেদন।

########VC########

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে বিশ্বব্যাপী বিপর্যয় এবং অনিশ্চয়তা সত্ত্বেও, ভারতের প্রবৃদ্ধি উল্লেখযোগ্য। আজ সকালে গ্রেটার নয়ডায় উত্তরপ্রদেশ আন্তর্জাতিক বাণিজ্য প্রদর্শনীর উদ্বোধন করে শ্রী মোদী বলেন, বিপর্যয় দেশকে বিভ্রান্ত করে না, বরং সেই পরিস্থিতিতে নতুন দিকনির্দেশনা এবং নতুন সুযোগ খুঁজে পায়। তিনি বলেন, এই বিপর্যয়ের মধ্যে, আজ ভারত আগামী দশকগুলির ভিত্তি মজবুত করছে এবং এর মধ্যেই নিহিত রয়েছে আত্মনির্ভর ভারতের মন্ত্র, দেশের সংকল্প। শ্রী মোদী বলেন, ভারতকে স্বাবলম্বী হতে হবে।

########Byte-PM########

প্রধানমন্ত্রী বলেন, সরকার মেক ইন ইন্ডিয়ার উপর মনোযোগ দিচ্ছে এবং দেশে জাহাজে চিপ তৈরির লক্ষ্য রয়েছে। তিনি বলেন, দেশে একটি প্রাণবন্ত প্রতিরক্ষা ক্ষেত্র তৈরি করা হচ্ছে, এমন একটি বাস্তুতন্ত্র তৈরি করা হচ্ছে যেখানে প্রতিটি উপাদান মেড ইন ইন্ডিয়ার চিহ্ন বহন করে। শ্রী মোদী বলেন, রাশিয়ার সহযোগিতায় প্রতিষ্ঠিত একটি কারখানায় শীঘ্রই AK-203 রাইফেলের উৎপাদন শুরু হবে। তিনি আরও বলেন, উত্তরপ্রদেশে একটি প্রতিরক্ষা করিডোর তৈরি করা হচ্ছে, যেখানে ব্রহ্মোস ক্ষেপণাস্ত্র এবং অন্যান্য অস্ত্র ব্যবস্থার উৎপাদন ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। শ্রী মোদী বলেন, ভারত UPI, Aadhaar, DigiLocker এবং ONDC-এর মতো উন্মুক্ত প্ল্যাটফর্ম তৈরি করেছে, যা সকলকে সঙ্গে নিয়ে চলছে এবং সকলকে সুযোগ দিচ্ছে। তিনি বলেন, এর অর্থ সকলের জন্য প্ল্যাটফর্ম এবং সকলের জন্য অগ্রগতি। শ্রী মোদী বলেন, আজ, সরকারি ই-মার্কেটপ্লেস GeM পোর্টালের মাধ্যমে, প্রায় ২৫ লক্ষ বিক্রেতা এবং পরিষেবা প্রদানকারী সরকারকে সরবরাহ করছে। তিনি বলেন, দেশ ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারতের' লক্ষ্য অর্জনের জন্য এগিয়ে চলেছে। সংস্কার, কর্মক্ষমতা এবং রূপান্তরের প্রতিশ্রুতি দ্বারা পরিচালিত ভারত তার শিল্প, ব্যবসায়ী এবং নাগরিকদের সঙ্গে দৃঢ়ভাবে দাঁড়িয়ে আছে বলে নিশ্চিত করে শ্রী মোদী উল্লেখ করেন যে মাত্র তিন দিন আগে, চালু হওয়া পরবর্তী প্রজন্মের GST সংস্কার, ভারতের প্রবৃদ্ধিকে এগিয়ে নিয়ে যাবে।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেন, ইউপি আন্তর্জাতিক বাণিজ্য প্রদর্শনী একটি খুব বড় প্ল্যাটফর্ম যা উত্তরপ্রদেশকে দেশ ও বিশ্বের সামনে তুলে ধরে।

******************************

**Voice Over-GST Reforms :**

পরবর্তী প্রজন্মের কর সংস্কার পণ্য ও পরিষেবা কর ব্যবস্থাকে সরল করেছে। চলতি মাসের ২২  তারিখ থেকে কার্যকর হওয়া নতুন কর হার

মধ্য ও নিম্ন মধ্যবিত্ত পরিবারে এনে দিয়েছে ব্যাপক স্বস্তি। জীবনদায়ী ওষুধের দামের ক্ষেত্রে এর মাধ্যমে আসতে চলেছে যুগান্তকারী পরিবর্তন। একটি প্রতিবেদন।

########Vc######

**********************

**CM-Blood Donation :**

মুখ্যমন্ত্রীর অধ্যাপক ডা: মানিক সাহা ব্লাড ব্যাঙ্কগুলিতে রক্তের চাহিদা ও যোগানের মধ্যে সমতা রক্ষার উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ আগরতলা মহারাজগঞ্জ বাজার মৎস্য ব্যবসায়ী সমিতি আয়োজিত রক্তদান, বস্ত্রদান ও শিক্ষা সামগ্রী প্রদান অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যে জনসংখ্যার এক শতাংশ রক্ত ব্লাড ব্যাংকে মজুত থাকতে হবে। সে হিসাবে রাজ্যে ৪০ লক্ষ জনসংখ্যার নিরিখে ৪০ হাজার ইউনিট রক্ত ব্লাড ব্যাঙ্কগুলিতে মজুত রাখতে হবে। রক্তদানের জন্য সরকার নিজস্ব পোর্টাল তৈরি করছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার কর্পোরেটর রত্না দত্ত।

****************************

**SEVA Pakhwada-Unakoti :**

ওবিসি কল্যাণমন্ত্রী শান্তনা চাকমা আজ ঊনকোটি জেলার পেঁচারথলের সোনারামপুর এডিসি ভিলেজের নবীনছড়াতে দেশব্যাপী কর্মসূচির অঙ্গ হিসাবে বৃক্ষরোপণ অনুষ্ঠানের উদ্বোধন করেন। বন দপ্তরের উদ্যোগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষ্যে সেবা পর্ব কর্মসূচি হিসাবে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে কারামন্ত্রী শান্তনা চাকমা, প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় ব্যাপক বনসৃজনের প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেন। এই অনুষ্ঠানে স্ব-সহায়ক দলগুলোর মধ্যে ঋণদানের চেক প্রদান করা হয়। আয়োজন করা হয় রক্তদান শিবির।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৪.২ মিলিমিটার।

****************************